

করোনা ভাইরাসের আপদকালীন সময়ের জন্য অনলাইন প্ল্যাটফর্মে ঘরে বসে ডিপিএড অনুশীলন কার্যক্রম সম্পর্কে মহাপরিচালক নেপ মহোদয়ের বক্তব্য

সন্মানিত পিটিআই সুপারিনটেনডেন্টবৃন্দ, ইন্সট্রাক্টর এবং প্রিয় ডিপিএড শিক্ষার্থীগণ। সবাইকে মাহে রমজানের শুভেচ্ছা। আশাকরি মহান আল্লাহ রাব্বুল আল আমিনের রহমতে আপনারা সবাই ভাল আছেন, সুস্থ্য আছেন। সারা পৃথিবীতে করোনার মহামারী চলছে। এ অবস্থায় বাংলাদেশ সরকার জনস্বাস্থ্য বিবেচনা করে মহামারির হাত থেকে রক্ষার জন্য সারা দেশের অফিস আদালতসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাধারণ ছুটি ঘোষণা করেছেন। এ প্রেক্ষিতে গত ১৫ মার্চ থেকে পিটিআইগুলো বন্ধ রয়েছে। আপনারা অবশ্যই ঘরে থাকবেন, নিরাপদে থাকবেন এবং পরিবারকেও নিরাপদ রাখবেন। আমরা এখনও নিশ্চিত নই কখন আবার স্বাভাবিক অবস্থা ফিরে আসবে। এমতাবস্থায় জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) করোনা ভাইরাসের আপদকালীন সময়ের জন্য অনলাইন প্ল্যাটফর্মে ঘরে বসে ডিপিএড অনুশীলন কার্যক্রম শুরু করার উদ্যোগ গ্রহণ করেছে। বর্তমানে আমরা সবাই যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় সারা দেশে অবস্থান করছি। অনলাইনের এ প্ল্যাটফর্ম চালু হলে একদিকে আপতকালীন সময়ে শিক্ষার্থীদের মনোবল বৃদ্ধি পাবে ও পারস্পরিক যোগাযোগ স্থাপনের মাধ্যমে স্বাস্থ্য সচেতনামূলক পদক্ষেপ নিতেও সহায়তা করবে। পাশাপাশি ডিপিএড কোর্সে অংশগ্রহণকারী শিক্ষকদের ধারাবাহিক পেশাগত উন্নয়নের জন্য পেশাগত অনুশীলন অব্যাহত রাখার মাধ্যমে শিক্ষক মান নিশ্চিত করাও কিছুটা সহায়ক হবে বলে আমি করি। এর ফলে ডিপিএড কোর্সের আলোকে নিজস্ব পেশাগত অনুশীলন অব্যাহত রাখা, অনলাইনে বিষয়ভিত্তিক জ্ঞান ও উপলব্ধির চর্চা অব্যাহত রাখা সম্ভব হবে।

অনলাইন ডিপিএড কোর্স পরিচালনা করার জন্য বিভিন্ন ধরনের কমিটি করা হয়েছে। দেশের ৮টি বিভাগের পিটিআই এর সাথে সার্বিক যোগাযোগ করার জন্য নেপ এর ৮ জন অনুযায়ী সদস্যকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তাঁরা সংশ্লিষ্ট বিভাগের পিটিআই সুপারিনটেনডেন্টগণ এর সাথে সার্বিক বিষয়ে যোগাযোগ করবেন। তাছাড়া বিভাগের আওতাধীন পিটিআই এর ফোকাল পয়েন্ট ইন্সট্রাক্টরদের সাথেও ডিপিএড ই-লার্নিং এর কাজের বিষয়ে অগ্রগতি মনিটর করবেন। এ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য ৮টি বিষয়ভিত্তিক টেকনিক্যাল টীমও গঠন করা হয়েছে। তাঁরা বিষয়ভিত্তিক কনটেন্ট (ভিডিও বা প্রেজেন্টেশন) প্রণয়নকারীদের কাছ থেকে কনটেন্ট (ভিডিও) সংগ্রহ করে তা প্রয়োজনে সম্পাদনা ও যাচাই-বাচাই করে নেপ এর টেকনিক্যাল টীম এর কাছে প্রেরণ করবেন। নেপ এর টেকনিক্যাল টীম প্রাপ্ত ভিডিও নেপ এর ইউটিউব চ্যানেলে বিষয়ভিত্তিক প্ল্যাটফর্মে আপলোড করবেন। এ ছাড়াও ১ কপি কনটেন্ট নেপ এর ওয়েব সাইটে ও নেপ এর ফেসবুক পেইজে আপলোড করবেন। দেশের ৬৭ টি পিটিআই এর ইন্সট্রাক্টরগণ কনটেন্ট (ভিডিও বা প্রেজেন্টেশন) তৈরি করবেন। এ কাজে পিটিআই সুপারিনটেনডেন্ট নেপ এর নির্দেশনা মোতাবেক পিটিআই ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচন করবেন এবং পিটিআই ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ইন্সট্রাক্টরদেরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিবেন। পিটিআই ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নেপ এর বিভিন্ন মাধ্যমে প্রকাশিত কনটেন্ট (ভিডিও) পিটিআই ফেসবুক গ্রুপে শেয়ার করবেন ও অন্যান্য ইন্সট্রাক্টরের সাথে যোগাযোগ রক্ষা করে ডিপিএড শিক্ষার্থী-শিক্ষকদের গ্রুপে ইনভলভ করবেন। বিষয়ভিত্তিক ইন্সট্রাক্টরগণ নেপ এর বিভিন্ন মাধ্যমে প্রকাশিত কনটেন্ট পিটিআই গ্রুপে দেখার ব্যবস্থা করবেন এবং ডিপিএড শিক্ষার্থীদের সাপ্তাহিক পর্যবেক্ষণ নোট যাচাই করবেন। ডিপিএড শিক্ষার্থীগণ নেপ থেকে প্রকাশিত মাধ্যমের কনটেন্ট নিয়মিত শোনা এবং দেখার জন্য পিটিআই এর ফেসবুক গ্রুপে নিজ দায়িত্বে যুক্ত হবেন। ফেসবুক গ্রুপে প্রকাশিত কনটেন্ট নিয়মিত দেখা এবং বিষয় অনুসারে তা নোট করবেন। বিষয়ভিত্তিক ইন্সট্রাক্টরের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন।

বর্তমানে পিটিআইসমূহে দুটি শিক্ষা বর্ষের অর্থাৎ ২০১৯-২০ এবং ২০২০-২১ শিক্ষাবর্ষের ডিপিএড শিক্ষার্থী রয়েছে। ডিপিএড কোর্সে তাত্ত্বিক বিষয়ের চেয়ে প্রায়োগিক বিষয়ের উপর বেশী জোর দেয়া হয়েছে। এ কার্যক্রমের ফলে ২০২০-২১ শিক্ষাবর্ষের ডিপিএড শিক্ষার্থীরা বিষয় জ্ঞান ও পেশাগত অনুশীলনের বিভিন্ন ভিডিও পর্যবেক্ষণ করে চর্চা অব্যাহত রাখার কিছুটা সুযোগ পাবেন। ৪র্থ টার্মের ডিপিএড শিক্ষার্থীরা পরীক্ষার প্রস্তুতির জন্য পোর্টফোলিও সংরক্ষণ, লগ বইলেখা, ডায়েরি লেখাসহ অন্যান্য প্রস্তুতি নিবেন। এ বিষয়ে বিভিন্ন সময়ে নেপ থেকে নির্দেশনা দেয়া হবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ করার সুবাদে আমরা অনলাইনে এ চর্চা অব্যাহত রাখার সুযোগ পাচ্ছি। সেজন্য মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পিটিআই এর সকল কর্মকর্তা, নেপ এর অনুযায়ী সদস্যবৃন্দ ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
ময়মনসিংহ